শৈলকুপায় চাঁদা না দেয়ায় এক ব্যক্তিকে কুপিয়ে জখম

ঝিনাইদহের শৈলকুপায় চাঁদা না দেয়ায় আলম শেখ (৫০) নামে এক ব্যক্তিকে কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা।

হামলার শিকার হয়ে গুরুত্বর আহত অবস্থায় শৈলকুপা হাসপাতালে ভর্তি রয়েছেন আলম শেখ। সে কাঁচেরকোল ইউনিয়নের মির্জাপুর গ্রামের লুৎফর শেখের ছেলে। রোববার সন্ধার পর এ হামলার ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, পার কাচেরকোল গ্রামের হাজী শওকত (শহীদ) এর গরু ফার্মে কাজ করতেন আলম শেখ। সম্প্রতি ফার্মের মালিককে স্থানীয় কিছু চাঁদাবাজ সন্ত্রাসীরা মোটা অংকের চাঁদা দাবী করে। চাঁদা না পেয়ে ক্ষিপ্ত হয়ে গরুর ফার্মের ম্যানেজার আলম শেখের উপর দেশীয় অস্ত্র ও লাঠি নিয়ে হামলা করে গুরুত্ব জখম করে চাঁদাবাজরা। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

হাসপাতালে চিকিৎসাধীন আহত আলম শেখ জানান, দীর্ঘদিন ধরে গরুর ফার্মের মালিক শহীদকে কিছু চাঁদাবাজ চাঁদার দাবিতে হুমকি ধামকি দিয়ে আসছিলো। ফার্মের মালিক দেশের বাইরে থাকায় চাঁদা না পেয়ে তারা ফার্মে উৎপাত চালিয়ে আসছিলো। রোববার সন্ধ্যায় বাড়ী ফেরার উদ্দেশ্যে ফার্ম থেকে বের হন তিনি। এসময় পেছন থেকে এসে কাঁচেরকোল গ্রামের লতিফ খার ছেলে ইসমাইল, তুজাম মোল্লার ছেলে শাহিদ, নারজু শেখের ছেলে হৃদয়সহ বেশ কয়েকজন তার উপর দেশীয় অস্ত্র ও লাঠি দিয়ে হামলা করে। হামলাকারী চাঁদাবাজরা এলাকায় দীর্ঘদিন ধরে মাদক কারবার ও শালিস ব্যবসাসহ বিভিন্ন ধরনের অপকর্ম চালিয়ে আসছে বলে অভিযোগ করেন তিনি। এ ঘটনায় তিনি থানায় মামলা করবেন বলে জানান।

শৈলকুপা থানার ওসি মাসুম খান জানান, লিখিত অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে ৩ দিনব্যাপী নারী উদ্যোক্তা মেলা শুরু

বাংলা নববর্ষ উপলক্ষে ঝিনাইদহে শুরু হয়েছে তিন দিনব্যাপী নারী উদ্যোক্তা মেলা। সোমবার পহেলা বৈশাখ সকালে শহরের ফ্যামেলি জোনে এই মেলার আয়োজন করে ‘পণ্য প্রসার’ নামের একটি স্থানীয় সংগঠন।

মেলায় ঝিনাইদহ শহরের বিভিন্ন এলাকা থেকে আসা ২০ জন নারী উদ্যোক্তা তাদের তৈরি ও উৎপাদিত পণ্যের প্রদর্শনী ও বিক্রয় করছেন। হস্তশিল্প, পোশাক, ঘর সাজানোর সামগ্রীসহ বিভিন্ন পণ্যে ভরপুর এই মেলায় দর্শনার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা গেছে।

আয়োজকরা জানান, এই মেলার মাধ্যমে নারীদের নিজস্ব পণ্যের প্রচার ও বাজারজাতকরণে সহায়তা করাই তাদের মূল লক্ষ্য। মেলা চলবে আগামী তিন দিনব্যাপী প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

আয়োজক পণ্য প্রসারের স্বত্তাধীকারী আনোয়ার ফিরোজ মাসুম বলেন, “নারীদের এগিয়ে নিতে হলে তাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে হবে। এই মেলার মাধ্যমে তারা যেমন নিজেদের তৈরি পণ্য বিক্রির সুযোগ পাচ্ছেন, তেমনি ক্রেতাদের সঙ্গেও সরাসরি যোগাযোগ স্থাপন করতে পারছেন। এতে উদ্যোক্তাদের আত্মবিশ্বাস বাড়বে এবং তারা আরও বড় পরিসরে কাজ করার উৎসাহ পাবেন।”

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে নববর্ষ উদযাপন

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলা নববর্ষ উদযাপিত হয়েছে।

পহেলা বৈশাখ সোমবার সকাল থেকে শহরের বিভিন্ন এলাকায় আনন্দ

শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান, গ্রামীণ খেলাধুলা ও পান্তা- ইলিশের আয়োজনের মধ্য দিয়ে নতুন বছরকে বরণ করে নেয় প্রশাসন, স্থানীয়রা।

এদিন সকাল ৮ টায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর থেকে বের হয় আনন্দ শোভাযাত্রা। নানা রঙের ব্যানার, মুখোশ, ঢাক-ঢোল ও ঐতিহ্যবাহী বাংলার নানা প্রতীক নিয়ে হাজারো মানুষ অংশ নেয় এই শোভাযাত্রায়। এতে অংশ নেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, পুলিশ সুপার মঞ্জুর মোর্শেদসহ সরকারি কর্মকর্তা, সাংস্কৃতিক কর্মী, শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ।

শোভাযাত্রা শেষে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে স্থানীয় শিল্পীদের পরিবেশনায় অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে লোকগান, নৃত্য, আবৃত্তি ও নাট্য পরিবেশনার মাধ্যমে বাংলার লোকজ সংস্কৃতিকে তুলে ধরা হয়।

এছাড়া সকাল ১০ টায় ঝিনাইদহে জেলা বিএনপির আয়োজনে উজির আলী স্কুল মাঠ থেকে একটি র্যালি বের করা হয় । র্যলিটি বিভিন্ন ধরনের ব্যানার, ফেষ্টুন, প্লাকার্ডসহ শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয় । র্যালিতে নেতৃত্ব দেন জেলা বিএনপির সভাপতি এমএ মজিদ । এ সময় আরো উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ-সভাপতি কামাল আজাদ পান্নু, পৌর বিএনপির সভাপতি আব্দুল মজিদ বিশ্বাসসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সাংস্কৃতিক সংগঠন দিনব্যাপী নিজস্ব সাংস্কৃতিক পরিবেশনা আয়োজন করে।

হরিণাকুণ্ডুতে এক মাস পরেও সন্ধান মেলেনি মানসিক

প্রতিবন্ধী এক যুবকের

ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলার হাকিমপুর গ্রামের এক মানসিক প্রতিবন্ধী যুবক নিখোঁজ রয়েছেন প্রায় এক মাস ৯ দিন ধরে। নিখোঁজ যুবকের নাম রিপন হোসেন (৩৪)।

পারিবারিক সূত্রে জানা গেছে, গত ৬ মার্চ রাত আনুমানিক ৮টার দিকে রিপন হোসেন প্রাকৃতিক ডাকের কথা বলে নিজ বাড়ি থেকে বের হন। এরপর থেকে আর তিনি বাড়িতে ফেরেননি। দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এখনও তার কোনো সন্ধান পাওয়া যায়নি, যা পরিবারের মধ্যে চরম উদ্বেগ-উৎকণ্ঠা সৃষ্টি করছে।

নিখোঁজ রিপনের বাবা আফজাল হোসেন বলেন, “আমার একমাত্র সন্তান রিপন মানসিক প্রতিবন্ধী। সেদিন রাতে হঠাৎ করেই বাইরে যায়, আমরা ভেবেছিলাম হয়তো একটু পরেই ফিরে আসবে। কিন্তু এরপর আর কোনো খোঁজ মেলেনি।

আত্মীয়-স্বজন, হাসপাতাল, আশপাশের গ্রামÑসবখানে খোঁজ নিয়েছি। কোথাও তাকে পাইনি।” তিনি আরও জানান, ছেলেকে না পেয়ে পরদিনই হরিণাকুন্ডু থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন তিনি। কিন্তু এতদিনেও কোনো অগ্রগতি হয়নি। রিপনের স্ত্রীও চোখের পানি ধরে রাখতে পারেননি।

রিপনের স্ত্রী ডলি বেগম জানান, “আমার স্বামী নিখোঁজ হওয়ার পর থেকে আমি ও আমার সন্তানরা প্রতিদিন অপেক্ষা করছি। ১০ বছর বয়সী বড় ছেলে প্রায়ই জিজ্ঞেস করেÑ‘আব্বু কবে আসবে?’ ছোট মেয়েটা প্রতিদিন বাবার ছবির দিকে চেয়ে থাকে।”

মানসিক প্রতিবন্ধী রিপনের ঘরে রয়েছে তিনটি অবুঝ মুখ-দুই ছেলে ও এক মেয়ে। বাবার অনুপস্থিতিতে পরিবারটি চরম অসহায় অবস্থায় দিন কাটাচ্ছে। রিপনের বাবা আফজাল হোসেন সমাজের সর্বস্তরের মানুষের সহযোগিতা চেয়েছেন। তিনি বলেন, “আমার সন্তানের সন্ধান কেউ পেলে দয়া করে আমার এই নম্বরে জানানোর অনুরোধ করছিÑ ০১৭৮৮-৪৮৫১৭৪।

সবার সহায়তায় হয়তো আমার ছেলেকে ফিরে পেতে পারি।” পরিবারের পক্ষ থেকে নিখোঁজ রিপনের সন্ধানে মানবিক সহায়তা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সংবাদটি ছড়িয়ে দেওয়ার অনুরোধ জানানো হয়েছে।

কোটচাঁদপুরে বাসের ধাক্কায় ভ্যানচালক নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে বাসের ধাক্কায় চৈতন্য পাল (৪০) নামে এক ভ্যানচালক নিহত হয়েছেন। তিনি ফাজিলপুর গ্রামের কার্তিক পালের ছেলে।

রবিবার সকাল আনুমানিক ৮টার দিকে উপজেলার এলাঙ্গী ইউনিয়ন পরিষদের পাশে মাঠের মধ্যে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, চৈতন্য পাল পেশায় ভ্যানচালক। তিনি সকালে পাতবিলা থেকে কলা নিয়ে সাবদারপুর বাজারে যাচ্ছিলেন। পথিমধ্যে এলাঙ্গী ইউনিয়ন পরিষদের সামনে পৌঁছালে একটি দ্রুতগামী বাস তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। ধাক্কায় ভ্যান থেকে ছিটকে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের দায়িত্বরত উপ-সহকারী মেডিকেল অফিসার মাহাবুবুর রহমান জানান, সকাল ৯টার দিকে চৈতন্য পালকে হাসপাতালে আনা হলে তাকে মৃত ঘোষণা করা হয়। পরে লাশ পোস্টমর্টেমের জন্য পাঠানো হয়েছে।

নিহতের চাচাতো ভাই তারিফ জানান, দুর্ঘটনাটি ফাঁকা মাঠের মধ্যে হওয়ায় প্রত্যক্ষদর্শী কেউ ছিল না। ফলে কোন বাসটি ধাক্কা দিয়েছে, তা নিশ্চিত হওয়া যায়নি। তবে কিছুটা দূরে থাকা লোকজন জানিয়েছেন, ওই সময় ‘হাজী ডিলাক্স’ ও ‘দর্শনা ডিলাক্স’ নামের দুটি বাস ঘটনাস্থল অতিক্রম করেছিল।

কোটচাঁদপুর মডেল থানার এসআই আল আমিন জানান, দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে দেখি মূল সড়কের ওপর চৈতন্য পালের মরদেহ পড়ে রয়েছে। পরে তার স্বজনদের সহায়তায় মরদেহ হাসপাতালে পাঠানো হয়। তিনি আরও জানান, দুর্ঘটনাটি সকাল বেলা এবং ফাঁকা এলাকায় ঘটায় কোন বাস ধাক্কা দিয়েছে, তা এখনও নিশ্চিত করা সম্ভব হয়নি।

নিহত চৈতন্য পাল ছিলেন পিতার একমাত্র ছেলে এবং দুই সন্তানের জনক।

তিনি পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন। তার মৃত্যুতে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

কোটচাঁদপুর ঋষি পাড়ায় অভিযান, দুই মাদক কারবারি আটক

খুলনা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কোটচাঁদপুরের ঋষি পাড়ায় অভিযান চালিয়ে দুই নারী মাদক কারবারিকে আটক করেছে।

শনিবার সকালে পরিচালিত এ অভিযানে জব্দ করা হয়েছে ১ কেজি গাঁজা, ৪ লিটার চুলাই মদ ও মদ তৈরির বিভিন্ন সরঞ্জাম।

অধিদপ্তরের সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে খুলনা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল কোটচাঁদপুরের ঋষি পাড়ায় অভিযান চালায়। অভিযানে আটক হন মনা দাসের মেয়ে উমা রানী
(৪২) ও সুশান্ত দাসের স্ত্রী তারা রানী (২৮)। তাদের কাছ থেকে উল্লেখিত মাদকদ্রব্যসহ চুলাই মদ তৈরির সরঞ্জাম উদ্ধার করা হয়।

অধিদপ্তরের পরিদর্শক জালাল হোসেন বলেন, “গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে দুই মাদক কারবারিকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে কোটচাঁদপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।”

কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শারমিন আক্তার জানান, “খুলনা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক জালাল হোসেন দুইটি আলাদা মামলায় দুইজন আসামিকে থানায় হস্তান্তর করেছেন। একটি গাঁজা ও অন্যটি চুলাই মদের মামলা।”

শৈলকুপায় আবারো দু’পক্ষের সংঘর্ষে ২৫ জন আহত

ঝিনাইদহের শৈলকুপায় আবারো দু’পক্ষের সংঘর্ষে কমপক্ষে ২৫ জন আহত হয়েছে। গতকাল শুক্রবার সকালে উপজেলার বিষ্ণুপুর গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, বিষ্ণুপুর গ্রামের স্থানীয় ইউপি সদস্য কপিল বিশ্বাসের সাথে রইচ উদ্দিন সমর্থকদের এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ চলছিল। এরই জেরে বৃহস্পতিবার রাতে উভয় পক্ষ সংঘর্ষে জড়ায় এতে অন্তত ১০ জন আহত হয়।

এরই জের ধরে শুক্রবার সকালে আবারো উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয় পক্ষের অন্তত ২৫ জন আহত হয়। ভাংচুর করা হয় বেশ কয়েকটি বাড়িঘর ও দোকানপাট। খবর পেয়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আহতদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। তবে তাৎক্ষণিক ভাবে কাউকে আটক করা যায়নি। তবে এরই জেরে গত বৃহস্পতিবার রাতে উভয় পক্ষ সংঘর্ষে জড়ায়।

হরিনাকুণ্ডু মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২এপ্রিল) বেলা ১১টায় হরিনাকুন্ডু উপজেলা ও পৌর মহিলা

দলের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সেসময় কর্মী সভায় হরিনাকুন্ডু উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৫ শতাধিক নারী কর্মী অংশ নেন।

এতে প্রধান অতিথি হিসেবে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ বিশেষ অতিথি হিসেবে হরিনাকুন্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হোসেন মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সহকারী অধ্যাপক কামাল হোসেন, পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক খান, মহিলা দলের আহ্বায়ক মোছা. সেলিনা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মহিলা দলের বিভিন্ন ইউনিটের ভবিষ্যৎ কর্মপদ্ধতি, সাংগঠনিক তৎপরতা ও নির্বাচন কেন্দ্রীক সার্বিক প্রস্তুতির বিষয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

কোটচাঁদপুরের তালসার জিটি কলেজের ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের অভিযোগ

কোটচাঁদপুর উপজেলার তালসার জিটি কলেজের ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের অভিযোগ তুলেছেন স্থানীয় ঘাঘা-তালসারবাসী।

এ অভিযোগের প্রতিবাদে বুধবার বিকেলে তালসার সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে প্রতিবাদ সভা করেন এলাকাবাসী। তারা অবিলম্বে বর্তমান কমিটি বাতিল করে নতুন কমিটি গঠনের দাবি জানান।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, প্রায় ছয় মাস আগে কলেজ পরিচালনার জন্য একটি এডহক কমিটি গঠন করা হয়। ওই কমিটির সভাপতি ছিলেন ঘাঘা গ্রামের হারুন অর রশিদ। অন্যান্য সদস্যরা ছিলেন আনোয়ার হোসেন, হাফিজুর রহমান, মোফাজ্জল হোসেন এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রাশেদুল ইসলাম।

গত ২৬ মার্চ কলেজের পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি গঠন করে তা অনুমোদনের জন্য বোর্ডে পাঠানো হয়। নতুন কমিটিতে সভাপতি হিসেবে রাখা হয়েছে কলেজের সাবেক অধ্যক্ষ আব্দুল খালেককে। এ নিয়েই শুরু হয়েছে বিরোধ। স্থানীয়দের অভিযোগ, কলেজের প্রতিষ্ঠাকালীন অধ্যক্ষ ছিলেন আব্দুল খালেক এবং সে সময় শিক্ষক নিয়োগের নামে অর্থ আত্মসাতের অভিযোগ ছিল তার বিরুদ্ধে।

এছাড়া, পূর্ণাঙ্গ কমিটি গঠনের সময় এডহক কমিটির কোনো সদস্য বা স্থানীয়দের মতামত নেয়া হয়নি বলে অভিযোগ উঠেছে। বিষয়টি জানতে না পারার কথাও বলেছেন এডহক কমিটির কয়েকজন সদস্য।

প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন মেহেদী হাসান পাতা, আব্দুল মোতালেব, ফারুক হোসেন, আব্দুল করিম, শফিউদ্দিন লস্কর ও বাহার আলী। বক্তারা অভিযোগ করেন, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রাশেদুল ইসলাম স্থানীয় এক বিএনপি নেতার সহযোগিতায় অনিয়ম করে ‘পকেট কমিটি’ গঠন করেছেন। তারা বলেন, “যে অধ্যক্ষ কলেজের শুরু থেকেই ভালো কিছু করেননি, বরং দুর্নীতির সঙ্গে জড়িত ছিলেন, তাকেই আবার সভাপতি করা হয়েছে। আমরা এই কমিটি মানি না।”

এ বিষয়ে জিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রাশেদুল ইসলাম বলেন, “আমি আমার কলেজের সভাপতি হারুন অর রশিদ ও সংশ্লিষ্ট নেতৃবৃন্দের পরামর্শে কমিটি গঠন করে অনুমোদনের জন্য পাঠিয়েছি। যা ইতোমধ্যে অনুমোদনও হয়েছে।” এরপর তিনি আর কোনো মন্তব্য না করে ফোন বন্ধ করে দেন।

এডহক কমিটির সভাপতি হারুন অর রশিদ বলেন, “আমি নিয়ম অনুযায়ী এডহক কমিটির সভাপতি ছিলাম এবং নিয়ম মাফিকই পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। কেউ যদি বলেন, তারা জানেন না, তবে সেটা মিথ্যা। তাদের উদ্দেশ্য আছে তারা তাদের পছন্দের লোককে কমিটিতে বসাতে চায়। সেটি সম্ভব না হওয়ায় এখন তারা আন্দোলন করছে।”

মহেশপুর সীমান্তে মাদকদ্রব্য ও বাংলাদেশী নাগরিক আটক

ঝিণাইদহের মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ নিমতলা বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার মেইন পিলার-৭৪/২-এস হতে বুধবার বিকাল আনুমানিক ২.১৫ মিনিটের সময় সীমান্তের ৬০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে রাঙ্গেরপোতা গ্রামের মাঠের ভুট্টা ক্ষেতের মধ্যে হতে নায়েব সুবেদার মোঃ একরামুল হক এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামী বিহীন ৩৬ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়।

অপরদিকে কুসুমপুর বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৬১/১৬-আর হতে বুধবার সন্ধ্যা আনুমানিক ৭.৩৫ মিনিটের সময় ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে চাপাতলা গ্রামের মোঃ রফিকুল ইসলাম এর গোলাপ বাগানের সামনে পাকা রাস্তার উপর নায়েব সুবেদার মোঃ আবুল হাসান খান এর নেতৃত্বে নিয়মিত টহল পরিচালনা করে বাংলাদেশী নাগরিক শিমুল মল্লিক (৪৭) নামের একজনকে আটক করে। আটককৃত ব্যক্তি চট্টগ্রাম জেলার রাউজান থানার ডাবুয়া গ্রামের অরুন মল্লিকের ছেলে জানান।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, সিমান্তে পৃথক দুটি অভিযানে আসামীবিহীন ৩৬ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার ও বাংলাদেশী নাগরিক শিমুল মল্লিক নামের একজনকে আটক করা হয়। আটককৃত ব্যক্তিকে মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে।